তারিখ 06 OCT 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

## সিলেটে কলেজছাত্রী খাদিজার ওপর হামলা




সিলেট সরকারি মহিলা কলেজের শিক্ষার্থীরা বুধবার সহপাঠী খাদিজা বেগম নার্গিসের ওপর হামলার প্রতিবাদে নগরে বিক্ষোভ মিছিল বের করেন ■ সমকাল

# সর্বোচ্চ শাস্তি দাবি বদরুলের

■ সিলেট ব্যুরো

সিলেট সরকারি মহিলা কলেজের শিক্ষার্থী খাদিজা বেগম নার্গিসের ওপর হামলার প্রতিবাদে আন্দোলন অব্যাহত রয়েছে। গতকাল বুধবার পৃথক বিক্ষোভ ও মানববন্ধন কর্মসূচি থেকে হামলাকারী ছাত্রলীগ নেতা বদরুল আলমের সর্বোচ্চ শাস্তির দাবি জানানো হয়। এসব কর্মসূচিতে বিভিন্ন-শ্রেণি পেশার মানুষ অংশ নেয়। আজ বৃহস্পতিবার নগরীর সব শিক্ষা প্রতিষ্ঠানে বিক্ষোভ কর্মসূচি পালনের আহ্বান জানানো হয়েছে।

খাদিজার শিক্ষা প্রতিষ্ঠান সিলেট মহিলা কলেজের শিক্ষার্থীরা চার দফা দাবিতে সকাল ১০টায় ক্যাম্পাস থেকে বিক্ষোভ মিছিল বের করেন। বিভিন্ন প্ল্যাকার্ড হাতে শিক্ষার্থীদের এই মিছিল নগরীর চৌহাট্টা, রিকাবিবাজার, জিন্দাবাজার ঘুরে কলেজ ক্যাম্পাসের সামনে এসে সড়ক অবরোধ করে বিক্ষোভ করে। এ সময় বিভিন্ন শ্রেণির সাধারণ মানুষ কর্মসূচিতে একাত্মতা প্রকাশ করেন। বেলা সাড়ে ১১টার দিকে শিক্ষকদের আশ্বাসের পরিপ্রেক্ষিতে শিক্ষার্থীরা ক্যাম্পাসে ফিরে যায়।

কলেজের শিক্ষার্থী ও আন্দোলনের আহ্বায়ক ফজিলাতুন্নেছা বলেন, শিক্ষার্থীরা চার দফা দাবি জানিয়েছেন। মামলাটি দ্রুত বিচার ট্রাইব্যুনালে হস্তান্তর, হামলাকারীর দৃষ্টান্তমূলক শাস্তি, আইনজীবীদের প্রতি হামলাকারীর পক্ষে কাজ না করার দাবি ও সব কলেজের শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত

■ পৃষ্ঠা ১৩ : কলাম ৫

## সর্বোচ্চ শাস্তি

[তৃতীয় পৃষ্ঠার পর]

করার দাবি জানানো হয়েছে। আজ বৃহস্পতিবার জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দেওয়ার পাশাপাশি সমাবেশ করে বিক্ষোভ দেখানোর ঘোষণা দিয়েছেন শিক্ষার্থীরা। সব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীদের নিয়ে বিক্ষোভ সমাবেশ সফল করার আহ্বান জানান এই শিক্ষার্থী।

বেলা সাড়ে ১১টায় মহিলা কলেজের শিক্ষকরা কলেজ অডিটোরিয়ামে এক প্রতিবাদ সভা করেন। কলেজের অধ্যক্ষ নুরুল ইসলাম বলেন, শিক্ষার্থীর ওপর বর্বর হামলার প্রতিবাদে ছাত্রীরা আন্দোলনে নেমেছেন। শিক্ষকরাও ছাত্রীদের সঙ্গে রয়েছেন। আশা করছি, সরকার হামলাকারীর দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করবে।

এদিকে বেলা ১১টার দিকে সিলেট সদর উপজেলার টুকেরবাজার তেমুখীতে উপজেলার সচেতন নাগরিকদের উদ্যোগ পৃথক মানববন্ধন কর্মসূচি পালিত হয়। এতে সদর উপজেলা চেয়ারম্যান আশফাক আহমদ, সিলেট মহানগর আওয়ামী লীগ সভাপতি বদর উদ্দিন আহমদ কামরান, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিকুর রহমান চৌধুরী, জেলা বিএনপির সাধারণ সম্পাদক আলী আহমদসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেয়। মানববন্ধনে বক্তারা বলেন, বদরুল আলমকে দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। তার দৃষ্টান্তমূলক শাস্তি হলে ভবিষ্যতে এ ধরনের ঘটনা ঘটাতে অন্য কেউ দ্বিতীয়বার ভাববে।